শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৭.১৯-৪৭১

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব.
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-২৫১৩/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-২৫১৩/০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-২৫১৩/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ২৫১৩/২০১৯ | জনাব মো: নওশাদ আলী, সুপারিনটেনডেন্ট, হুলাশুগঞ্জ রসিদিয়া বালিকা দাখিল মাদ্রাসা, উপজেলা- মিঠাপুকুর, রংপুর। | সচিব, টিএমইডি, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন। | বে- সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১৮.৪ নং অনুচ্ছেদে **"প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে"** মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে উক্ত অনুচ্ছেদের বিরুদ্ধে এবং পিটিশনার এর বরখাস্তকালীন (আগস্ট/২০১১ হতে মে/২০১৭ পর্যন্ত) বকেয়া বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) উৎসবভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: নওশাদ আলী কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-২৫১৩/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৪/০৩/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বে- সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১৮.৪ নং অনুচ্ছেদের নির্দেশনা কেন বেআইনী ঘোষণা করা হবে না এবং পিটিশনার এর বরখাস্তকালীন (আগস্ট/২০১১ হতে মে/২০১৭ পর্যন্ত) বকেয়া বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১১/০৪/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এখানে উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রদানের বিষয়টির সাথে ডিএমই জড়িত তাছাড়া ডিজি, ডিএমই কেও আলোচ্য মামলায় রেসপনডেন্ট করা হয়েছে বিধায় এ সংক্রান্তে ডিএমই হতে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-২৫১৩/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।